# ১০ মার্চ বগুড়া থেকে ফ্যামিলি কার্ড বিতরণ উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী




সংগৃহীত ছবি

বগুড়া সদর উপজেলায় আগামী ১০ মার্চ থেকে ফ্যামিলি কার্ড বিতরণ কার্যক্রমের উদ্বোধন করা হবে। প্রধানমন্ত্রী তারেক রহমান উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত থাকবেন। এ তথ্য নিশ্চিত করেছেন সমাজকল্যাণ মন্ত্রণালয় ও মহিলা ও শিশুবিষয়ক মন্ত্রণালয়ের মন্ত্রী এ জেড এম জাহিদ হোসেন।

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনের সময় বিএনপি তাদের নির্বাচনী ইশতেহার ও প্রচারণায় 'ফ্যামিলি কার্ড' প্রদানের বিষয়টি গুরুত্ব দিয়ে তুলে ধরেছিল। সরকার গঠন হওয়ায় ঈদের আগে পরীক্ষামূলকভাবে এই কর্মসূচি চালুর সিদ্ধান্ত নেওয়া হয়েছে। ইতোমধ্যেই সম্ভাব্য সুবিধাভোগী পরিবার বাছাইয়ের জন্য মাঠ পর্যায়ে তথ্য সংগ্রহ শুরু হয়েছে।

সূত্রের খবর অনুযায়ী, ফ্যামিলি কার্ডধারী প্রতিটি পরিবার মাসে ২,৫০০ টাকা করে আর্থিক সহায়তা পাবেন। সুবিধা পাবেন দেশের হতদরিদ্র, দরিদ্র ও নিম্নবিত্ত পরিবারের নারীরা। প্রতি পরিবারের একজন নারী কার্ডধারী হিসেবে নিবন্ধিত হবেন। একটি ওয়ার্ডে যত পরিবার যোগ্য হবে, সবাইকে কার্ড প্রদান করা হবে।

পরীক্ষামূলকভাবে এই কর্মসূচি চার মাস ধরে পাইলট পর্যায়ে চলবে।